অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/1/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোক লিথিয়াম-আয়নের ব্যাটারি জনিত অগ্নিকাণ্ডের বিপদ সম্বন্ধে সচেতনতা বাড়াতে স্টেটব্যাপী "বাই সেফ, চার্জ সেফ" প্রচারাভিযানের কথা ঘোষণা করলেন

মাইক্রো-মোবিলিটির ডিভাইসগুলোতে বিপজ্জনক লিথিয়াম-আয়ন ব্যাটারির বিক্রি নিষিদ্ধ করতে গভর্নরের স্টেট অফ দ্য স্টেট প্রস্তাব পূর্ণতা আনে

কীভাবে উপযুক্তভাবে লিথিয়াম-আয়ন ব্যাটারি দেওয়া ডিভাইসগুলো কিনতে হয়, ব্যবহার করতে হয়, চার্জ দিতে হয় এবং রক্ষণাবেক্ষণ করতে হয় সেই সম্বন্ধে ভিডিও দিয়ে মাল্টি-এজেন্সির উদ্যোগ উপভোক্তাদের শেখাবে

নতুন লিথিয়াম-আয়ন ব্যাটারির উপভোক্তা গাইড নিউ ইয়র্কবাসীদের স্পষ্ট নিরাপত্তার নির্দেশিকা দেয়

গভর্নর ক্যাথি হোকত আজ স্টেটব্যাপী একটি প্রচারাভিযানের ঘোষণা করেছেন যাতে সেইসব ভোগ্যপণ্যের নিরাপদ ব্যবহার সম্বন্ধে সচেতনতা তুলে ধরা যায় যার মধ্যে লিথিয়াম-আয়নের ব্যাটারি রয়েছে, যেমন ই-বাইক, ই-স্কুটার, হোভারবোর্ড, স্মার্টফোন, ল্যাপটপ, খেলনা এবং বিদ্যুৎচালিত যন্ত্রপাতি। এই ভোগ্যপণ্যগুলো অনেকভাবে আমাদের জীবনযাত্রা উন্নত করেছে; তবে, এগুলোর মধ্যে গুরুতর নিরাপত্তার ঝুঁকি থাকে, যদি না উপযুক্তভাবে এবং নিরাপত্তার কথা মাথায় রেখে ব্যবহার করা হয়। নিউ ইয়র্ক সিটিতে, 2023 সালে 250টির বেশি অগ্নিকাণ্ড হয়, যেখানে 130জনের বেশি আহত এবং কমপক্ষে 18 জনের মৃত্যু হয়। স্টেটজুড়ে অনেক বেশি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটছে, বিভিন্ন জায়গার মধ্যে রয়েছে গ্রিনি, হারকিমার, অরেঞ্জ, জেফারসন, সাফোক কাউন্টি। এছাড়াও গভর্নর হোকল ই-বাইক এবং ই-স্কুটারের মতো মাইক্রো-মোবিলিটি ডিভাইসগুলোতে ব্যবহৃত অননুমোদিত বা অসঙ্গতভাবে শংসায়িত লিথিয়াম-আয়ন ব্যাটারির বিক্রি নিষিদ্ধ করার প্রস্তাব দিয়েছেন।

"আমাদের প্রযুক্তি উন্নত হওয়ার কারণে, কখনও কখনও খুব দ্রুত গতিতে, এটি আমাদের জীবন আরও সহজ এবং আরও উপভোগ্য করতে তুলতে পারে। সেইসাথে এটি এমন ঝুঁকিও নিয়ে আসতে পারে যার সাথে আমরা পরিচিত নয় এবং আমাদের প্রতিরক্ষার প্রথম পদক্ষেপ হল সচেতনতা," **বলেন গভর্নর হোকল।** "এই প্রচারাভিযানের প্রচেষ্টা আমাদের শ্রেষ্ঠ সুসজ্জিত এজেন্সিগুলোর মাধ্যমে চালু করা প্রচেষ্টা যা নিউ ইয়র্কবাসীদের কেনা পণ্য নিয়ে কীভাবে সেরা পদ্ধতিতে স্টোর করা যায় এবং ব্যবহার করা যায় সম্বন্ধে তাদের শিক্ষিত, নিরাপদ করতে এবং কেনার সময় স্মার্ট পছন্দ করতে সাহায্য করবে। আমি জীবন ও সম্পত্তি সুরক্ষার জন্য এই

সতর্কতায় মনোযোগ দেওয়ার জন্য সবাইকে মাত্র কয়েক মিনিট সময় দেওয়ার জন্য উৎসাহিত করছি—একটা জীবন হারানো মানে শুধু একটাই প্রাণ নয় অনেক জীবন।"

এই মাল্টি-এজেন্সির উদ্যোগ কীভাবে উপযুক্তভাবে লিথিয়াম-আয়ন ব্যাটারি থাকা ডিভাইসগুলো কিনতে, ব্যবহার করতে, চার্জ দিতে এবং দেখাশোনা করতে হয় এবং অসঙ্গতভাবে এগুলো ব্যবহার করার সম্ভাব্য বিপদ সম্বন্ধে উপভোক্তাদের শেখাবে। এই প্রচেষ্টার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক স্টেটের অনেক এজেন্সি, যেমন ডিপার্টমেন্ট অফ স্টেট, হোমল্যান্ড সিকিউরিটি ও ইমার্জেন্সি সার্ভিসেস ডিভিশন (Division of Homeland Security and Emergency Services), ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকলস অ্যান্ড নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটি। গভর্নর এছাড়াও মাইক্রো-মোবিলিটি ডিভাইসগুলোতে লিথিয়াম-আয়ন ব্যাটারির বিক্রি সীমাবদ্ধ করতে তাঁর স্টেট অফ দ্য স্টেট এবং নির্বাহী বাজেটে একটি প্রস্তাব অন্তর্ভুক্ত করেছে, যদি না সেই ব্যাটারিগুলো দেশের কোনও স্বীকৃত টেস্টিং ও সার্টিফিকেশন ল্যাবরেটরির তরফ থেকে নির্দিষ্ট নিরাপত্তার মানদণ্ড অনুসারে শংসায়িত হয়।

"বাই সেফ, চার্জ সেফ" গণ সচেতনতা প্রচারাভিযানটি 1 ফেব্রুয়ারী, 2024 থেকে শুরু করে স্টেট জুড়ে চলবে। প্রচারাভিযানটির মধ্যে লিথিয়াম-আয়ন ব্যাটারি থাকা ভোগ্যপণ্য কিনছেন বা ব্যবহার করছেন এমন ব্যক্তিদের লক্ষ্য করে প্রদর্শন, অনুসন্ধান এবং সামাজিক মাধ্যমের বিজ্ঞাপন অন্তর্ভুক্ত থাকবে। লিথিয়াম-আয়ন ব্যাটারি কেনার সময় কোন বিষয়ে লক্ষ্য রাখতে হবে, কীভাবে নিরাপদে সেগুলো ব্যবহার করতে হবে এবং কীভাবে সেগুলোর নিষ্পত্তি করতে হবে সে বিষয়ে বিজ্ঞাপনগুলো নজর দেবে। বিজ্ঞাপনগুলোর সাথে একটি শিক্ষামূলক ভিডিও যুক্ত করা হবে। যে উপভোক্তরা বিজ্ঞাপন বা ভিডিওতে ক্লিক করবেন তাদের নিরাপদে লিথিয়াম-আয়ন ব্যাটারি ব্যবহার সম্বন্ধে আরও তথ্য সমন্বিত একটি ওয়েবসাইটে নির্দেশিত করা হবে। নতুন ওয়ান-স্টপ ওয়েবসাইটটি এখানে পাওয়া যাবে: ny.gov/chargesafe

এই উদ্যোগের অংশ হিসাবে, নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অফ স্টেটের গ্রাহক সুরক্ষা দপ্তর (Division of Consumer Protection) এবং হোমল্যান্ড সিকিউরিটি ও ইমার্জেন্সি সার্ভিসেস ডিভিশন (Division of Homeland Security and Emergency Services) একটি লিথিয়াম-আয়ন ব্যাটারি ভোক্তাদের নিরাপত্তা গাইড তৈরি করেছে যাতে নিউ ইয়র্কবাসীদের স্পষ্ট নিরাপত্তার নির্দেশনা দেওয়া যায়। কীভাবে এই আইটেমগুলো কিনবেন, ব্যবহার করবেন, চার্জ দেবেন, দেখাশোনা করবেন, স্টোর করবেন এবং ফেলে দেবেন তা লিথিয়াম-আয়ন ব্যাটারি জনিত অগ্নিকাণ্ডের জন্য বোঝা খুবই জরুরি। সেইসাথে, একটি সম্ভাব্য অগ্নিকাণ্ডের সতর্কতামূলক সংকেত বোঝা এবং কীভাবে ধ্বংস এবং ট্র্যাজেডির ঝুঁকি কমাতে সহায়তায় প্রতিক্রিয়া জানাবেন সেটি জানা।

সেক্রেটরি অফ স্টেট রবার্ট জে. রড্রিগেজ বলেন, "লিথিয়াম-আয়ন ব্যাটারি থেকে উৎপন্ন ভোগ্যপণ্যের ব্যবহার আমাদের দৈনন্দিন জীবনে আরও বেশি হয়ে ওঠছে. কিন্তু এগুলো সঠিকভাবে পরিচালনা করা না হলে এগুলোতে থাকা সম্ভাব্য বিপদ সম্বন্ধে অনেক ভোক্তাই ওয়াকিবহান নন। কীভাবে এই পণ্যগুলো নিরাপদে ব্যবহার করতে, চার্জ দিতে এবং স্টোর করতে হয় তা বোঝা নিউ ইয়র্কের উপভোক্তাদের জন্য অত্যন্ত জরুরি এবং সেই কারণেই স্পষ্ট ব্যবহারকারীর নির্দেশিকা এবং একটি গ্রাহক শিক্ষার প্রচারাভিযান তৈরি করতে আমরা আমাদের এজেন্সি অংশীদারদের সঙ্গে কাজ করছি যাতে নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখা যায়।"

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অভ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস কমিশনার জ্যাকি ব্রে বলেন, “লিথিয়াম-আয়ন ব্যাটারিগুলো প্রত্যেকদিন আমাদের ব্যবহার করা অনেক ডিভাইসেই শক্তি দেয়। দুর্ভাগ্যবশত, অশংসায়িত বা সেকেন্ডহ্যান্ড ব্যাটারির অসঙ্গত ব্যবহার বা চার্জিংয়ের ফলে, বিশেষত যেগুলো মাইক্রো মোবিলিটি ডিভাইসে পাওয়া যায়, দুর্ভাগ্যজনক ফল হতে পারে। আমি লিথিয়াম-আয়ন জনিত অগ্নিকাণ্ড প্রতিরোধে সাহায্য করার জন্য কীভাবে এই ব্যাটারিগুলো নিরাপদে ব্যবহার করা যায় তা বুঝে এবং নিজেদের বাড়ি সুরক্ষিত আছে বলে নিশ্চিত করে সকল নিউ ইয়র্কবাসীকে তাদের দায়িত্ব পালন করার জন্য উৎসাহিত করি।”

নিউ ইয়র্ক স্টেটের মোটরযান বিভাগের কমিশনার এবং গভর্নরের ট্রাফিক নিরাপত্তা কমিটির প্রধান মার্ক জে. এফ. শ্রোডার বলেন, "কীভাবে নিরাপদে একটি ই-বাইক বা মাইক্রো-মোবিলিটির ডিভাইস চার্জ দেবেন বা স্টোর করবেন তা উপলব্ধি করা ততটাই জরুরি যতটা নিরাপদে যাতায়াত করা বা রাস্তার নিয়ম মেনে চলা জরুরি। এই প্রচারাভিযান সাধারণ বোধের পরামর্শ দেয় যা মেনে চলা সহজ এবং আশা করা যায় আরেকটি দুর্ভাগ্যজনক অগ্নিকাণ্ড আটকাতে সাহায্ করবে। আমি আপনাদের দৈনন্দিন জীবনে লিথিয়াম-আয়ন ব্যাটারির সাথে সম্মুখীন হওয়া প্রত্যেকটি দিক সম্বন্ধে শেখার জন্য কীভাবে নিজেকে নিরাপদ রাখবেন জানার জন্য কিছুটা সময় ব্যয় করতে সবাইকে উৎসাহিত করছি।”

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority) এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "প্রতিদিন লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসী ভোগ্যপণ্যে লিথিয়াম-আয়ন ব্যাটারির শক্তি ব্যবহার করার ফলে, এই প্রযুক্তির সাথে জড়িয়ে তাকা সম্ভাব্য বিপদ সম্বন্ধে সচেতনতা বাড়িয়ে তোলার গুরুত্ব কমে যাচ্ছে। এই পণ্যগুলো দায়িত্বসহকারে সামলানো বা পরিচালনার জন্য প্রয়োজনীয় জ্ঞান এবং তথ্য দিয়ে জনসাধারণকে ক্ষমতায়ন শুধুমাত্র সম্ভাব্য ঝুঁকি থেকে আমাদের কমিউনিটিগুলোকে সুরক্ষিত করার ব্যাপারে স্টেটের প্রচেষ্টার উপর নির্মিত নয়,সাথে এমন এক ভবিষ্যতের দিকে আমাদের নিয়ে যেতে সাহায্য করবে যেখানে উদ্ভাবন এবং নিরাপত্তা সবার কল্যাণে সামঞ্জস্যপূর্ণ।"

গণ শিক্ষা প্রচারের সাথে অতিরিক্তভাবে, DHSES অফিস অফ ফায়ার প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল (Office of Fire Prevention and Control, OFPC) লিথিয়াম-আয়ন ব্যাটারি সম্পর্কিত ঘটনার জন্য অগ্নি পরিষেবার নির্দেশনা এবং সম্পর্কিত তথ্য প্রস্তুত করেছে যা এখানে তাদের ওয়েবসাইটে উপলভ্য। উপরন্তু, OFPC একটি লিথিয়াম-আয়ন ব্যাটারির সচেতনতা পাঠক্রম তৈরি করেছে, যেখানে আজকের তারিখ পর্যন্ত 2850টির বেশি পাঠক্রমের সংকলন রয়েছে, DHSES ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে 450টি অনলাইন সংকলন সহ।

লিথিয়াম-আয়ন ব্যাটারির নিরাপত্তা

লিথিয়াম-আয়ন ব্যাটারির পাওয়ারে চালিত অনেক পণ্যই ভোক্তারা প্রতিদিন ব্যবহার করেন, উপযুক্ত ব্যবহারের মাধ্যমে, ন্যূনতম ঝুঁকি নিয়ে। তবে, উপযুক্তভাবে সামলানো না হলে, পণ্যের মধ্যে থাকা লিথিয়াম-আয়ন ব্যাটারি অত্যধিক মাত্রায় গরম হয়ে যেতে পারে এবং এমন মারাত্মক অগ্নিকাণ্ড ঘটতে পারে যা নিয়ন্ত্রণ করা মুশকিল হতে পারে।

কেনাকাটার পরামর্শ:

- **বিশ্বাসযোগ্য উৎপাদক এবং বিক্রেতাদের থেকে পণ্য কিনুন:** যে পণ্য প্রকৌশলগতভাবে উন্নত এবং ভালোভাবে পরীক্ষা করা হয়েছে সেগুলো বেশি নিরাপদ। "কমদাম, কম মান"-এর বিকল্প ব্যবহার করবেন না যা আপনাকে এবং আপনার পরিবারকে বিপদে ফেলতে পারে।
- **দেশের কোনও স্বীকৃত সার্টিফিকেশন ল্যাবরেটরি খুঁজুন:** আন্ডাররাইটার্স ল্যাবরেটরি (UL)-এর মতো দেশের স্বীকৃত সার্টিফিকেশন ল্যাবরেটরিগুলো থেকে নিরাপত্তার প্রতীকের অর্থ হল একটি নিরাপত্তা, গুণমান বা নিরাপত্তার মানদণ্ডে শংসায়ি হয়েছে। পণ্যের প্যাকেজিংয়ে নিরাপত্তার প্রতীক, অনলাইনে কেনাকাটার সময় পণ্যটির নিজের বা পণ্যটির মধ্যে বিস্তারিত খুঁজুন।
- **কেনার আগে প্রত্যাহারের বিষয়গুলো পরীক্ষা করে নিন:** কোনও পণ্য মার্কিন ভোগ্যপণ্য নিরাপত্তা কমিশন (U.S. Consumer Product Safety Commission, CPSC)-এর ডেটাবেসের পর্যালোচনার মাধ্যমে প্রত্যাহার করা হয়েছে কিনা দেখার জন্য www.cpsc.gov/recall দেখুন।

ব্যবহারের পরামর্শ:

- **প্রস্তুতকারকদের নির্দেশনা মেনে চলুন:** সবসময় উৎপাদকের নির্দেশ অনুসারে আপনার ডিভাইসটি চার্জ দিন, স্টোর করুন এবং ব্যবহার করুন। কোনোভাবেই আপনার ডিভাইসের ব্যাটারি বিচ্ছিন্ন বা সংশোধন করবেন না। এই উল্লেখযোগ্যভাবে বিষ্ফোরণের ঝুঁকি বাড়ায়।
- **শুধুমাত্রা আপনার ডিভাইসের জন্য নির্ধারিত চার্জারটিই ব্যবহার করুন:** আপনার নতুন চার্জার কেনার প্রয়োজন হলে, বিকল্পটি সেই ডিভাইস উৎপাদকের অনুমোদিত কিনা নিশ্চিত করুন। ব্যাটারি এবং চার্জারগুলো অন্য কোনও উপাদান দিয়ে প্রতিস্থাপন করবেন না, যদি না সেগুলো নির্দিষ্টভাবে আপনার ডিভাইসের জন্য পরিকল্পিত এবং অনুমোদিত হয়। একটি চার্জার আপনার ডিভাইসের সাথে মানানসই বলেই সেটি ব্যবহার করা নিরাপদ নয়।

চার্জ দেওয়ার পরামর্শ:

- **কখনও কোনও লিথিয়াম-আয়ন ব্যাটারি পাওয়ারে চালিত ডিভাইস চার্জিং অবস্থায় একলা ফেলে রেখে যাবেন না:** অযত্নে চার্জিং ওভারচার্জিংয়ের সুযোগ বাড়ায়। ওভারচার্জ হয়ে গেলে, লিথিয়াম-আয়ন ব্যাটারি বেশি গরম হয়ে বিষ্ফোরণ হতে পারে এবং আগুন লাগতে পারে। ডিভাইস এবং ব্যাটারিতে একবার সম্পূর্ণ চার্জ হয়ে গেলে সেগুলো সরিয়ে রাখুন।
- **আপনার ডিভাইস চার্জ দেওয়ার জন্য একটা নিরাপদ জায়গা বেছে নিন:** আপনার মাইক্রো-মোবিলিটি ডিভাইসগুলো কোনও পাওয়ার স্ট্রিপ বা ওভারলোড আউটলেটের প্লাগে লাগাবেন না। ই-বাইক এবং হোভারবোর্ডের মতো বড় মাইক্রো-

মোবিলিটির ডিভাইসগুলো দরজার কাছে চার্জ দেবেন না যা আপৎকালীন পরিস্থিতিতে আপনার প্রস্থান আটকাতে পারে। স্মার্টফোন এবং ল্যাপটপের মতো—ছোট ডিভাইসের ব্যবহার—বালিশের নীচে, বিছানা বা সোফার উপর করবেন না। একটি সমতল, শুষ্ক জায়গায় লিথিয়াম-আয়ন ব্যাটারির চার্জ দিন যা শিশুদের নাগালের বাইরে, সরাসরি সূর্যালোক, তরল এবং হোঁচট থাকা বিপদ থেকে দূরে।

নিষ্পত্তির পরামর্শ:

- **কখনও লিথিয়াম-আয়ন ব্যাটারি বাড়ির আবর্জনা বা পুনর্ব্যবহার পাত্রে ফেলবেন না:** Call2Recycle নিরাপদে লিথিয়াম-আয়ন ব্যাটারি এবং এগুলো ব্যবহার করা ডিভাইস নিরাপদে নিষ্পত্তির জন্য খুচরো সংগ্রহ ফিরিয়ে নেওয়ার কর্মসূচি এবং ঐচ্ছিক সংগ্রহ কর্মসূচির ব্যবস্থা করে। আরও তথ্যের জন্য Call2Recycle-এর ওয়েবসাইট https://www.call2recycle.org/-এ দেখুন। কীভাবে উপযুক্তভাবে ব্যাটারির আয়ু শেষ হয়ে গেলে সেগুলো পরিচালনা করবেন বিষয়ে আরও তথ্যের জন্য www.dec.ny.gov/chemical/72065.html-এ NYS-এর পরিবেশগত সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation) বা NYC আবাসিকদের জন্য www.nyc.gov/batteries দেখুন।

লিথিয়াম-আয়ন ব্যাটারির আগুন লাগার সতর্কতামূলক সংকেত

- **ডিভাইসটি গরম:** ব্যাটারি চার্জ দেওয়ার সময় বা ব্যবহার করার সময় কিছুটা গরম হওয়া স্বাভাবিক। তবে, যদি আপনার ডিভাইসের ব্যাটারি স্পর্শ করলে অত্যন্ত গরম লাগে, তাহলে সেটি ত্রুটিযুক্ত হওয়ার সম্ভাবনা রয়েছে এবং আগুন ধরের ঝুঁকিতে রয়েছে।
- **ডিভাইসটি ফুলে যাচ্ছে বা ফেঁপে উঠছে:** ডিভাইসটিতে কোনও ধরনের ফোলা বা ফাটল আছে কিনা সেটাও লক্ষ্য করুন।
- **ডিভাইসটি শোঁ শোঁ, কড়কড় বা পপিং শব্দ করছে:** কিছু খারাপ হয়ে যাওয়া লিথিয়াম-আয়ন ব্যাটারি শোঁ শোঁ, কড়কড় বা পপিং শব্দ করে।
- **ডিভাইসে গন্ধ রয়েছে:** ব্যাটারি থেকে কোনও শক্তিশালী বা অস্বাভাবিক দুর্গন্ধ আসছে কিনা নজর রাখুন। লিথিয়াম-আয়ন ব্যাটারি যখন খারাপ হয়ে যায় তখন সেগুলো থেকে বিষাক্ত ধোঁয়া বের হয়।
- **ডিভাইস থেকে ধোঁয়া বের হচ্ছে:** আপনার ডিভাইস থেকে ধোঁয়া বের হলে, হয়তো ইতিমধ্যে আগুন ধরে গেছে। বাইরে বের হন, বাইরে থাকুন এবং **9-1-1** নম্বরে কল করুন।

আপনি এই সতর্কতাগুলোর কোনও একটি লক্ষ্য করলে:

- ডিভাইসটি ব্যবহার থামান এবং অবিলম্বে সেটি বন্ধ করুন।
- পাওয়ারের উৎস থেকে সেটির প্লাগ খুলে নিন।

- নিরাপদ হল, সাঁড়াশি বা গ্লাভস দিয়ে যেকোনও দাহ্য বস্তুর থেকে সেটি দূরে সরিয়ে নিয়ে যান।
- সেই জায়গা থেকে চলে যান।
- **9-1-1 নম্বরে কল করুন।**

আপনার লিথিয়াম-আয়ন ব্যাটারিতে আগুন লাগলে কী করবেন?

- **অবিলম্বে সেই জায়গা ছেড়ে বেরিয়ে আসুন এবং তারপর 9-1-1 নম্বরে ফোন করুন।** আপনি বাইরে বের হতে না পারলে, **9-1-1 নম্বরে ফোন করুন** এবং দমকল দপ্তরে বলুন যে আপনি বাইরে বের হতে পারছেন না।
- **নিজে আগুন নেভাতে যাবেন না।** লিথিয়াম-আয়ন ব্যাটারির আগুন দ্রুত, মারাত্মকভাবে ছড়িয়ে পড়ে আর বিস্ফোরক বা পুনরায় জ্বলে উঠতে পারে। জল একটি ব্যাটারির দহন আটকাতে নাও পারে এবং লিথিয়াম-আয়ন ব্যাটারির থেকে হওয়া আগুনে অগ্নি নির্বাপক কাজ নাও করতে পারে। সবচেয়ে নিরাপদ যে সিদ্ধান্ত আপনি নিতে পারেন তা হল জায়গাটি ছেড়ে অবিলম্বে বেরিয়ে যান এবং **9-1-1 নম্বরে ফোন করুন**।

আগুনের নিরাপত্তা, নিবারণ এবং প্রতিক্রিয়া নিয়ে আরও তথ্যের জন্য দেখুন:

- NYS হোমল্যান্ড সিকিউরিটি ও জরুরি পরিষেবা বিভাগ, অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ কার্যালয় (Office of Fire Prevention and Control): www.dhses.ny.gov/office-fire-prevention-and-control
- NYS প্রাক্তন সেনাকর্মী বিষয়ক বিভাগ: www.dos.ny.gov/consumer-protection.
- NYS গ্রাহক সুরক্ষা দপ্তর (Division of Consumer Protection)-এর অগ্নি নিরাপত্তার প্রচারপত্র (Fire Safety Brochure): www.dos.ny.gov/fire-safety-tips
- ভোগ্যপণ্য ও নিরাপত্তা কমিশন (Consumer Product and Safety Commission, (CPSC): www.cpsc.gov/Safety-Education/Safety-Education-Centers/Fire-SafetyInformation-Center
- আমেরিকান রেড ক্রস: www.redcross.org

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন